

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার, পাবনা
www.publiclibrary.pabna.gov.bd

নম্বর: ৪৩.২৬.৭৬০০.০০১.২৩.০০১.১৯.৩

তারিখ: ৬ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২০ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' উদযাপন উপলক্ষে বইপাঠ, চিত্রাঙ্কন, রচনা এবং উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার বিজ্ঞপ্তি।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ও গণগ্রন্থাগার অধিদপ্তর নিয়ন্ত্রাধীন জেলা সরকারি গণগ্রন্থাগার, পাবনার উদ্যোগে আগামী ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' উদযাপন উপলক্ষে বইপাঠ, চিত্রাঙ্কন, রচনা এবং উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। আগ্রহী সকলকে নিম্নে উল্লেখিত শর্তাবলী মেনে অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) বইপাঠ প্রতিযোগিতা:

ক্রম	শ্রেণি	প্রতিযোগিতার বই	তারিখ, সময় ও স্থান
১	উন্মুক্ত	কারাগারের রোজনামচা শেখ মুজিবুর রহমান	আগামী ০৩-০২-২০২৪ ইং তারিখ দুপুর ২ টায় গণগ্রন্থাগারে স্বশরীরে উপস্থিত হয়ে অংশগ্রহণ করতে হবে।

খ) চিত্রাঙ্কন প্রতিযোগিতা:

ক্রম	গ্রুপ	শ্রেণি	চিত্রাঙ্কনের বিষয়	প্রতিযোগিতার স্থান, সময় ও তারিখ
১	ক	শিশু-২য় শ্রেণি	উন্মুক্ত	আগামী ০৩-০২-২০২৪ ইং তারিখ শনিবার সকাল ১১
২	খ	তৃতীয়-সপ্তম শ্রেণি	আমার প্রিয় গ্রন্থাগার	টায় স্বশরীরে উপস্থিত হয়ে অংশগ্রহণ করতে হবে।

গ) রচনা প্রতিযোগিতা:

ক্রম	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	রচনা জমা দেওয়ার তারিখ, সময় ও স্থান
১	উন্মুক্ত	স্মার্ট নাগরিক গঠনে গ্রন্থাগারের ভূমিকা	১০০০	স্বহস্তে লিখিত রচনা আগামী ০৩-০২-২০২৪ ইং তারিখ শনিবার বিকাল ৩টার মধ্যে এ দপ্তরে জমা দিতে হবে।

ঘ) উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা:


ক্রম	গ্রুপ	শ্রেণি	বিষয়	প্রতিযোগিতার স্থান, সময় ও তারিখ
১	ক	৮ম-দ্বাদশ শ্রেণি	তাৎক্ষণিক নির্ধারণ করা হবে।	আগামী ০৩-০২-২০২৪ ইং তারিখ বিকাল ৩
২	খ	স্নাতক-স্নাতকোত্তর		টায় গণগ্রন্থাগারে স্বশরীরে উপস্থিত হয়ে অংশগ্রহণ করতে হবে।

শর্তাবলি:

১. রচনা আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পাতায় লেখা যাবে না।
২. ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে স্টুডেন্ট আইডি কার্ড এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে

হবে।

৩. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনা শব্দসংখ্যা নির্ধারিত সীমার মধ্যে থাকা আবশ্যিক।
৫. চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহনকারীদেরকে আর্ট পেপার ব্যতীত অন্য কোন উপকরণ সরবরাহ হবে না।
৬. যেকোন প্রয়োজনে যোগাযোগ করুন মো আব্দুল লতিফ (০১৭৪৬৪৭৯৯৭২)।



২০-০১-২০২৪

মো: এনামুল হক
সহকারী লাইব্রেরিয়ান

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা;
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা এবং
- ৩। প্রাপক: রেজিস্ট্রার/অধ্যক্ষ/সুপার/পরিচালক/প্রধান শিক্ষক/ সভাপতি/ সম্পাদক,
.....পাবনা।

